গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী
তারালাপনী : ০৩৩১-৭৪০৭৭, মোবাইল : ০১৩০৯-১০৬৬৪৩
EIIN : 106643, www.gzmcfeni.gov.bd ; E-mail : zmc_sskroadfeni@yahoo.com

স্মারক নং-সজিমক/২০২৪/ ৫৭ তারিখ : ২৬/০৫/২০২৪ খ্রি.

# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৮/২০২৩ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-১১৯ মোতাবেক ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৪ অনুসারে সরকারি জিয়া মহিলা কলেজের একাদশ শ্রেণির প্রাথমিক আবেদন ও ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা হবে।

১। প্রাথমিক আবেদনের যোগ্যতা নিম্নরূপ :

| বিভাগ | জি.পি.এ |
|---|---|
| বিজ্ঞান | ৩.৫০ |
| ব্যবসায় শিক্ষা | ৩.৫০ |
| মানবিক | ৩.০০ |

**২। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন :**

২.১ ২০২২, ২০২৩, ২০২৪ সালের দেশের যে কোন শিক্ষাবোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি পূরণ সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে। এছাড়া উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থীসহ অন্যান্য বছরের শিক্ষার্থীরাও ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে।

২.২ বিদেশি কোন বোর্ড বা অনুরুপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.৩ **ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে :**

২.৩.১ বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যেকোন একটি। তবে বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য গ্রুপে একবার ভর্তি হওয়ার পর পরবর্তীতে আর বিজ্ঞান গ্রুপে প্রত্যাবর্তন করতে পারবে না।

২.৩.২ মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যেকোন একটি এবং

২.৩.৩ ব্যবসায় গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যেকোন একটি

২.৩.৪ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং সাধারণ বিভাগ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি।

## ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু :

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১. | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুনঃ নিরীক্ষণের জন্য আবেদন করবে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) অনলাইনে আবেদনগুলো শিক্ষার্থীর পছন্দক্রম অনুযায়ী অটো মাইগ্রেশন প্রযোজ্য। | ২৬/০৫/২০২৪ (রবিবার) থেকে ১১/০৬/২০২৪ (মঙ্গলবার) |
| ২. | আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি | ১২/০৬/২০২৪ (বুধবার) থেকে ১৩/০৬/২০২৪ (বৃহস্পতিবার) |
| ৩. | শুধুমাত্র পুন:নিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৬/২০২৪ (বুধবার) থেকে ১৩/০৬/২০২৪ (বৃহস্পতিবার) |
| ৪. | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৬/২০২৪ (বুধবার) থেকে ১৩/০৬/২০২৪ (বৃহস্পতিবার) |
| ১৪/০৬/২০২৪ তারিখ থেকে ১৮/০৬/২০২৪ তারিখ পর্যন্ত ঈদুল-আজহা উপলক্ষ্যে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে। | | |
| ৫. | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২৩/০৬/২০২৪ (রবিবার রাত ৮.০০টায়) |
| ৬. | শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ফলাফল প্রকাশের পর থেকে ২৯/০৬/২০২৪ (শনিবার) (রাত ৮.০০টায় পর্যন্ত) |
| ৭. | ২য় পর্যায়ের আবেদন গ্রহণ | ৩০/০৬/২০২৪ (রবিবার) থেকে ০২/০৭/২০২৪ (মঙ্গলবার) রাত ৮.০০ পর্যন্ত) |
| ৮. | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৪/০৭/২০২৪ (বৃহস্পতিবার রাত ৮.০০ টায়) |
| ৯. | ২য় পর্যায়ে আবেদনের ফল প্রকাশ | ০৪/০৭/২০২৪ (বৃহস্পতিবার রাত ৮.০০ টায়) |
| ১০. | ২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ০৫/০৭/২০২৪ (শুক্রবার) থেকে ০৮/০৭/২০২৪ (সোমবার রাত ৮.০০ টায় পর্যন্ত |
| ১১. | ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ | ০৯/০৭/২০২৪ (মঙ্গলবার) থেকে ১০/০৭/২০২৪ (বুধবার) |
| ১২. | পছন্দ অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ১২/০৭/২০২৪ (শুক্রবার রাত ৮.০০ টায়) |
| ১৩. | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১২/০৭/২০২৪ (শুক্রবার রাত ৮.০০ টায়) |
| ১৪. | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ১৩/০৭/২০২৪ (শনিবার) থেকে ১৪/০৭/২০২৪ (রবিবার) |
| ১৫. | ভর্তি | ১৫/০৭/২০২৪ (সোমবার) থেকে ২৫/০৭/২০২৪ (বৃহস্পতিবার) |
| ১৬. | ক্লাস শুরু | ৩০ জুলাই, ২০২৪ (মঙ্গলবার) |

- কোটা নির্বাচনের ক্ষেত্রে সাবধনতা অবলম্বন করতে হবে। কোটার স্বপক্ষে যথাযথ কাগজপত্র না থাকলে কোটায় আবেদন করা যাবে না। কোটায় ভর্তি স্বপক্ষে যথাযথ কাগজপত্র বোর্ডে প্রেরণ করার পর কোন শিক্ষার্থী যদি ভুল বা অসত্য কাগজপত্র জমা দেয় তাহলে তার ভর্তি বাতিল বা জটিলতা সৃষ্টি হলে শিক্ষার্থীর বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- শিক্ষা কোটায় ভর্তির ক্ষেত্রে ভর্তির নীতিমালা ২০২৪ এর তফসিল "ঘ" এ বর্ণিত দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তান হতে হবে।
- শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা : www.xiclassadmission.gov.bd শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

➢ ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকে অবশ্যই ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা অনলাইনে জমা দিয়ে ভর্তির নিশ্চায়ন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নিশ্চায়ন ফি জমা না দিলে নির্বাচনটি বাতিল হয়ে যাবে।

প্রতিস্বাক্ষর
26.5.24
(প্রফেসর কামরুন নাহার)
অধ্যক্ষ
সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী

প্রফেসর কামরুন নাহার (৩৩৬৫)
অধ্যক্ষ
সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী।

26.5.24
(মোহাম্মদ আইনুল ইসলাম ভূইয়া)
সহযোগী অধ্যাপক, ইতিহাস বিভাগ
ও
আহ্বায়ক
একাদশ শ্রেণির ভর্তি কমিটি-২০২৪-২০২৫
সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী